

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৬৪৯

তারিখ-২৭-০৮-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ অত্র বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালসমূহের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণ প্রসঙ্গে।


সূত্রঃ ৮০.১০৩. ০১২.০০. ০০.০১২.২০১৫-১৯৬, তারিখঃ ২১-০৮-২০১৭ খ্রিঃ, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালসমূহের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত অত্র বিভাগের প্রস্তাবের প্রেক্ষিতে প্রস্তাবটি পরীক্ষা-নিরীক্ষা করে প্রস্তাব সংশ্লিষ্ট নিম্নোক্ত কর্মচারীগণের নামের পার্শ্বে বর্ণিত বার্ষিক গোপনীয় প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি বা ঘাটতি সংশোধনক্রমে/পূরণ করে প্রেরণের জন্য সূত্রোক্ত পত্রে অনুরোধ করা হয়।

| ক্রঃ নং | ০২ কর্মচারীর নাম ও পদবী | ০৩ গোপনীয় প্রতিবেদনের ঘাটতি ও ত্রুটি/বিচ্যুতিসমূহ |
|---------|--|---|
| ১. | জনাব মোঃ আবদুস সালাম নাজির, জেলা জজ আদালত, শরীয়তপুর। | ২০১২ হতে ২০১৩ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনের শিরোনামে সময় উল্লেখ নেই। |
| ২. | জনাব মোঃ আব্দুল কুদ্দুছ নাজির, জেলা জজ আদালত, সিলেট। | ২০১২ হতে ২০১৩ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনের ফটোকপি প্রেরণ করা হয়েছে। |
| ৩. | জনাব মোঃ মাইনুদ্দিন কবিরাজ নাজির, জেলা জজ আদালত, রাজবাড়ী। | ২০১২ হতে ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনের কোনোটিই বছর ভিত্তিক নয় এবং কোনো কোনো প্রতিবেদন ৩ মাসের কম। |
| ৪. | জনাব মোঃ সুরুজ্জামান সরদার নাজির, জেলা জজ আদালত, লালমনিরহাট। | ২৩.১১.১৫ হতে ২৫.৫.২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন বছর ভিত্তিক নয় |
| ৫. | জনাব মৃগেন্দ্র নাথ বর্মন সাঁটলিপিকার, জেলা জজ আদালত, ঠাকুরগাঁও। | ২০১২ হতে ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন নেই। |
| ৬. | জনাব মোঃ মজিবুর রহমান আকন সাঁটলিপিকার, বিভাগীয় বিশেষ জজ আদালত, ঢাকা। | ২০১২, ২০১৩, ২০১৫ এবং ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনের শিরোনামে সময় উল্লেখ নেই। |
| ৭. | জনাব শ্রী নরেশ চন্দ্র রায় সাঁটলিপিকার, জেলা জজ আদালত, নীলফামারী। | ২০১২ হতে ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন নেই। |

০২। এমতাবস্থায়, প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত প্রস্তাব সংশ্লিষ্ট (কলাম ০২ এ) কর্মচারীদের নামের পার্শ্বে (কলাম ০৩ এ) বর্ণিত গোপনীয় প্রতিবেদনের ত্রুটি/বিচ্যুতি বা ঘাটতি সংশোধনক্রমে/পূরণ করে পুনরায় অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য যে, কলাম ০২-এ বর্ণিত কর্মচারীদের মধ্য হতে কোন কর্মচারী ইতোমধ্যে পি,আর,এল-এ গমন করলে বা অন্য কোন কারণে তার পদ ফাকা হলে বা পদোন্নতি নিতে অনিচ্ছুক হলেও বিষয়টি লিখিতভাবে অত্র বিভাগকে অবহিত করণের অনুরোধ করা হলো।


(কাজী মুশফিক মাহবুব রবিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৪১৬।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

১. জেলা ও দায়রা জজ, শরীয়তপুর/সিলেট/রাজবাড়ী/লালমনিরহাট/ঠাকুরগাঁও ও নীলফামারী।
২. বিভাগীয় বিশেষ জজ, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব -----, নাজির, জেলা জজ আদালত, শরীয়তপুর/সিলেট/রাজবাড়ী/ লালমনিরহাট।
৫. জনাব -----, সাঁট-লিপিকার, জেলা জজ আদালত, ঠাকুরগাঁও/নীলফামারী।
৬. জনাব -----, সাঁটলিপিকার, বিভাগীয় বিশেষ জজ আদালত, ঢাকা।